

দূরশিক্ষণের আজ প্রথম পরীক্ষা

(ইত্তেফাক রিপোর্ট)
দূরশিক্ষণের তিনসহস্রাব্দিক
বিএড শিক্ষার্থী আজ (শুক্রবার)
ঢাকাসহ দেশের ১০টি শিক্ষক
প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রথম পরী-
ক্ষায় বসিতেছেন। ক্লাস বহির্ভূত
ক্যাসেট রেডিও পুস্তকের শিক্ষার

দূরশিক্ষণের পরীক্ষা

(১ম পৃঃ পর)

বিলি করা হইবে, আশেপাশের
কাহারো নিকট হইতে টোকা-
টুকির সুবিধা কেহ পাইবে না।
প্রশ্নগুলি প্রতিটির জন্য পরীক্ষার্থী
৪০ সেকেন্ডের বেশী সময় পাইবেন
না, তাই বইপত্র দেখিয়া নকলের
সুযোগ ঘটবে না। ১২টি বিষয়ে
কয়েক হাজার পরীক্ষার্থীর উত্তর-
পত্র যাচাই করা হইবে কম্পিউ-
টারে। পরীক্ষা শেষ হওয়ার
পনেরদিনের মধ্যেই ফলাফল
প্রকাশিত হইবে।

পরীক্ষা শেষ হওয়ার দিনেই
৩ হাজার ২১১ জন শিক্ষার্থী
পরীক্ষাহল হইতে নিজস্বের
আগে পরবর্তী ছয়মাসের পঠন-
পাঠনের ক্যাসেট ও পুস্তকের
প্যাকেট লাভ করিবেন। প্রতি
সোমবার বেতারে ১৫ মিনিটের
সম্রচারে তাহাদের পঠন-পাঠনের
খাপগুলি বুঝাইয়া দেওয়া হই-
তেছে।

শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে
১১ মাস থাকিয়া যে বিএড ডিগ্রী
অর্জন করিতে হয় উহাকেই এই
ব্যবস্থায় ২৪ মাসের কোর্সে
বিস্তৃত করা হইয়াছে। চারটি
পরীক্ষার মাধ্যমে পরীক্ষার্থীদের
এই দুইটি বৎসর অভিক্রম করিতে
হইবে। প্রথম ব্যাচে ঢাকায়
শিক্ষার্থীর সংখ্যা ৬৫০, ইহার মধ্যে
সামরিক বাহিনীর শিক্ষাকোরভুক্ত
১০ জনও আছেন। যে সকল

শিক্ষকের পক্ষে বাসাবাড়ী ও
চাকুরী হইতে সরিয়া আসিয়া
বিএড অর্জন করা দুকর, এ ব্যব-
স্থাটি তাহাদের পেশাগত মানো-
ন্নয়নে সহায়ক।

দূরশিক্ষণ প্রতিষ্ঠান ওপেন
ইউনিভার্সিটি পদ্ধতির প্রাথমিক
পরীক্ষা-নিরীক্ষায় এই কোর্স গ্রহণ
করিয়াছে। দূরশিক্ষণ প্রতিষ্ঠানের
সংগঠক ডঃ খান মোহাম্মদ সিদ্দিক
জুল ইসলাম গতকাল (বৃহস্পতি-
বার) জানান, শুক্রবার-রবিবার
কিছুই বাদ না দিয়া ফাষ্ট
সেমিষ্টার পরীক্ষা তাহারা ৬ দিনে
শেষ করিবেন। এ কোর্সের কয়েক
জন শিক্ষার্থীর সহিত আলাপ
করিলে তাহারা বলেন, শত
প্রশ্নের দেড় ঘণ্টার পরীক্ষায়
তাহাদের সমস্যা কিছু নাই।
কারণ, আমরা নিজেদের গরজে
পঠনপাঠন করি। একজন পরীক্ষার্থী
বলেন, সমগ্র পুস্তক ও পাঠ্য
বিষয়াদি সম্পূর্ণ অবহিত না
থাকিলে এ পরীক্ষায় উৎরানো
যাইবে না। তবু আমরা সচ্ছন্দেই
উৎরাইব বলিয়া আশা রাখি।
দেশের দশটি শিক্ষক প্রশিক্ষণ
ইনস্টিটিউটে তিন হাজারের বেশী
শিক্ষার্থী গ্রহণ সম্ভব হয় না বলিয়া
শিক্ষামন্ত্রণালয় উহার আওতাধীন
দূরশিক্ষণ ইনস্টিটিউটের মাধ্যমে
এ দূরশিক্ষণ শুরু করিয়াছে।
সারাদেশে মাধ্যমিক বিদ্যালয় ও
মাদ্রাসাগুলিতে একলক্ষ অপ্রশিক্ষণ-
প্রাপ্ত শিক্ষক-শিক্ষিকা আছেন।